গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভাঙ্গুড়া, পাবনা
www.bhangura.pabna.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৩.৭৬১৯.০০০.১১.০১০.২৫-১১

তারিখ : ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারি ২০২৫

**"২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত অনলাইনে ইজারার বিজ্ঞপ্তি"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের, অতিরিক্ত সংখ্যা জুন ২৫, ২০০৯ খ্রিঃ তারিখের গেজেট, ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭ এর ২৩ জুন, ২০০৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের, সায়রাত-১ শাখার ১৭.১২.২০২৪ তারিখের ৩১.০০.০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৬৯৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী এ উপজেলাধীন ইজারাযোগ্য সিডিউল "খ" এ বর্ণিত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল সমূহ বাংলা ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতির নিকট থেকে সিডিউল "ক" এ বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন/দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আগ্রহী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠনকে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে যে কোন তফশিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনা অথবা সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গুড়া, পাবনা এর কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম ক্রয় করে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে www.jm.lams.gov.bd তে আবেদন আহবান করা যাচ্ছে। ইজারা মূল্যের কমপক্ষে ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সিডিউল "ক" এ বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে অনলাইন আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সহ প্রয়োজনীয় সকল কাগজাদি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের টেন্ডার বক্সে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতিত এবং সিডিউলে বর্ণিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলি যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনা হতে জানা যাবে।

**আবেদন সংক্রান্ত "ক" সিডিউল ঃ**

| ক্রমিক | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে আবেদন দাখিল (ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা www.jm.lams.gov.bd) | বাংলা ০১ মাঘ, ১৪৩১ থেকে ১৪ মাঘ, ১৪৩১ এর মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল (প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা) | বাংলা ১৪ মাঘ, ১৪৩১ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (২৯ জানুয়ারী থেকে ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে) |

**ইজারাযোগ্য জলমহালের তালিকা "খ" সিডিউল ঃ**

| ক্রমিক | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | আর এস খতিয়ান | আর এস দাগ নম্বর | আয়তন একরে | ০৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জালেশ্বর পুকুর | মন্ডুতোষ | জালেশ্বর | ১ | ১৫৮১ | ১.১৭ | ৪,৫১৭/- |
| ০২ | মাগুড়া জলকর | দিলপাশার | মাগুড়া | ১ | ৯১৮,৯১৯ | ১.০৬ | ৯৫,০০০/- |
| ০৩ | পাটুলদহ জলকর | দিলপাশার | পাটুল | ১ | ৭৭০ | ৩.০৫ | ৩১,৫০০/- |
| ০৪ | চাঁচকিয়া জলকর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৯৬০ | ৩.২৯ | ১,৬৯,০৫১/- |
| ০৫ | বেতুয়ান খাস পুকুর | দিলপাশার | বেতুয়ান | ১ | ২৩৪৭ | ১.৪০ | ৩,৪৯,৩৭৩/- |
| ০৬ | চাঁচকিয়া পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৮৯২ | ১.৮৫ | ১,৬০,০০০/- |
| ০৭ | চাঁচকিয়া মজা পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৮৫৯ | ১.৭১ | ৫২,৫০২/- |

Scanned with CamScanner

| ক্রমিক | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | আর এস খতিয়ান | আর এস দাগ নম্বর | আয়তন একরে | ০৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | চাঁচকিয়া পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৯১৩ | ১.২১ | ৬৬,১৫০/- |
| ০৯ | চাঁচকিয়া পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৭৬৩ | ০.৮২ | ৮,০০০/- |
| ১০ | চাঁচকিয়া পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৬৮৯ | ১.১১ | ৮,০০০/- |
| ১১ | চাঁচকিয়া পুকুর | দিলপাশার | চাঁচকিয়া | ১ | ১৯৭৪ | ১.০৬ | ২৬,২৫২/- |
| ১২ | মহিষবাথান পাকার বিল | খানমরিচ | মহিষবাথান | ১ | ১৫৬ | ২.৩০ | ১৯,৯৫২/- |
| ১৩ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ৯২৮ | ০.৫২ | ১৪,৬৪৮/- |
| ১৪ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১২২৫ | ০.৯১ | ২১,০০১/- |
| ১৫ | মন্ডুমালা পুকুর | খানমরিচ | মন্ডুমালা | ১ | ৪৯৮ | ০.৩৮ | ১৫,৪৮৯/- |
| ১৬ | মন্ডুমালা পুকুর | খানমরিচ | মন্ডুমালা | ১ | ৪৫১ | ০.৩৮ | ৬,০০০/- |
| ১৭ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১৩৬৯ | ০.৭৯ | ৬,০০,০০/- |
| ১৮ | পরমানন্দপুর পুকুর | খানমরিচ | পরমানন্দপুর | ১ | ৯৫ | ১.৬৩ | ৩০,০০০/- |
| ১৯ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১৪২৩ | ০.৮১ | ৪৭,২৫০/- |
| ২০ | মুন্ডুমালা পুকুর | খানমরিচ | মুন্ডুমালা | ১ | ৬৩৬ | ০.৭৪ | ২০,০৫৫/- |
| ২১ | রমানাথ পুকুর | খানমরিচ | রমানাথপুর | ১ | ৩০৭ | ০.৮২ | ৯,৪৫০/- |
| ২২ | শ্রীপুর পাঁচ পুকুর | খানমরিচ | শ্রীপুর | ১ | ১৩৭৩,১৩১০,৮১৩,১৪২৭,১৩৩৬ | ১৭.২০ | ১০,৫০,০০২/- |
| ২৩ | রমানাথ পুকুর | খানমরিচ | রমানাথপুর | ১ | ১৫৮ | ১.০৫ | ৩৭,৮০০/- |
| ২৪ | মুন্ডুমালা পুকুর | খানমরিচ | মুন্ডুমালা | ১ | ৪৬৯ | ০.৭৮ | ৪৪,৬২৬/- |
| ২৫ | মুন্ডুমালা পুকুর | খানমরিচ | মুন্ডুমালা | ১ | ৩৬৫ | ০.৭৯ | ২৮,৩৫০/- |
| ২৬ | বৈদ্যমরিচ পুকুর | খানমরিচ | বৈদ্যমরিচ | ১ | ৩৬৪ | ১.৬০ | ২২,৫৭৬/- |
| ২৭ | বৈদ্যমরিচ পুকুর | খানমরিচ | বৈদ্যমরিচ | ১ | ৪১৭ | ০.৭৪ | ২৪,৯৩৯/- |
| ২৮ | মাদারবাড়ীয়া পুকুর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ৬৩১ | ০.৬৯ | ১২,১৮১/- |
| ২৯ | মাদারবাড়ীয়া পুকুর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ৩৪৮ | ০.৪৩ | ১২,১৮১/- |
| ৩০ | মাদারবাড়ীয়া পুকুর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ৩৭২ | ০.২৩ | ৮,০০০/- |
| ৩১ | মাদারবাড়ীয়া পুকুর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ৩৩৬ | ১.৪৯ | ৩৮,৮৮৪/- |
| ৩২ | মাদারবাড়ীয়া (মাটিয়াল) পুকুর এবং খানমরিচ পুকুর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ২৫<br>২১৫৭ | ১.১৫<br>১.২৬ | ৪২,০০২/- |
| ৩৩ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১২২০ | ০.৩৩ | ৬,১৯৬/- |
| ৩৪ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১৬০২ | ০.৯৫ | ২১,০০১/- |
| ৩৫ | শ্রীপুর মজা পুকুর | খানমরিচ | শ্রীপুর | ১ | ১৪৬০ | ৩.১০ | ২,৮৮,৭৫১/- |
| ৩৬ | পুর্বরামনগর পুকুর | খানমরিচ | পুর্বরামনগর | ১ | ৮৫ | ০.৪৬ | ৬,০০০/- |
| ৩৭ | পুকুরপাড় পুকুর | খানমরিচ | পুকুরপাড় | ১ | ১১৩ | ১.৮৮ | ৫৮,০১৪/- |
| ৩৮ | পরমানন্দপুর পুকুর | খানমরিচ | পরমানন্দপুর | ১ | ২৩৫ | ১.৫১ | ১২,৪১৮/- |
| ৩৯ | অষ্টমনিষা পুকুর | অষ্টমনিষা | অষ্টমনিষা | ১ | ১৯৫ | ০.৭৫ | ৯০,০০০/- |
| ৪০ | রমানাথ পুকুর | খানমরিচ | রমানাথপুর | ১ | ৪৯ | ০.৫৯ | ৩৭,৮০০/- |
| ৪১ | করতকান্দি পুকুর | খানমরিচ | করতকান্দি | ১ | ১০৬১ | ৭.৬১ | ১,৩০,০০০/- |
| ৪২ | মাদারবাড়ীয়া জলকর | খানমরিচ | মাদারবাড়ীয়া | ১ | ৪২৬ | ০.৯৫ | ১৮,৯০০/- |
| ৪৩ | মুন্ডুমালা পুকুর | খানমরিচ | মুন্ডুমালা | ১ | ৫০৭ | ০.৬৪ | ২৬,২৫২/- |
| ৪৪ | খানমরিচ পুকুর | খানমরিচ | খানমরিচ | ১ | ১৩৬৯ | ০.৭৯ | ৬০,০০০/- |
| ৪৪ | মুন্ডুমালা পুকুর | খানমরিচ | মুন্ডুমালা | ১ | ৮২৮ | ০.৯৪ | ৫৫,১২৮/- |

**১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের জলমহাল ইজারার শর্তাবলী ঃ**

১. www.jm.lams.gov.bd তে ওয়েব সাইটে গিয়ে জলমহাল আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা বরাবর দাখিল করতে হবে। সিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের পর কোন আবেদনের প্রিন্টেড কপি গ্রহণ করা হবে না।

২. ইজারা বিজ্ঞপ্তিতে ৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল্য উল্লেখ করা হয়েছে।

৩. সিডিউলে বর্ণিত নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনায় রক্ষিত টেন্ডার বাক্সে আবেদন গ্রহণ করা হবে।

৪. আবেদন দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

৫. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি গুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

Scanned with CamScanner

৫. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি গুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।
৬. আবেদনপত্রের প্রিন্টেড কপির সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।
৭. অনলাইনের আবেদনপত্রে নির্দিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণ পূর্বক আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।
৮. দাখিলকৃত আবেদনপত্র কোন প্রকার কাটাকাটি ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
৯. প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে।
১০. আবেদনপত্রের সাথে ইজারা মূল্যের ২০% জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গুড়া, পাবনা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে।
১১. ইজারাপ্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% আয়কর পরিশোধ করতে হবে।
১২. আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।
১৩. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১৪. জলমহাল সংক্রান্ত ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত, সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন। তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।
১৫. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।
১৬. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর যে কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন।
১৭. জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য প্রতি বছর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করবেন।
১৮. জলমহাল ইজারাপ্রাপ্ত কোন সমিতি/সংগঠন তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না।
১৯. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।
২০. জলমহাল ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং বছরের যে কোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি একই সময়ের মধ্যে কোন খাস কালেকশন হয় তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেন না।
২১. বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বদ্ধ জলাশয়ে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না।
২২. কোন জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি কোন উপযুক্ত আদালত স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারী করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
২৩. জলমহালের কোন ক্ষতিসাধন করা যাবে না এবং ভূ-গর্ভস্থ কোন সম্পদের উপর লীজ গ্রহীতার অধিকার বর্তাবে না।
২৪. জমাকৃত আবেনপত্রসমূহ যাচাই-বাছাই এর ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২৫. জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন।
২৬. উল্লিখিত যে কোন শর্ত খেলাপ বা পালনে ব্যর্থ হলে ইজারা/বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
২৭. জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা সর্বক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯, অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

০২/০৩/২০২৫

(মোছাঃ নাজমুন নাহার)
উপজেলা নিবহী অফিসার
ও আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভাঙ্গুড়া, পাবনা

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ভাঙ্গুড়া, পাবনা
www.acland.bhangurapabna.gov.bd

স্মারক নম্বর- ৩১.৪৩.৭৬১৯.০০০.১১.০১০.২৫-০৬(১৮) তারিখ : ১৮ পৌষ ১৪৩১
০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, পাবনা।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
অনুলিপি সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
০৬। উপজেলা নির্বাহী অফিসার .................................. (সকল) পাবনা।
০৭। উপজেলা কৃষি কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
০৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
০৯। অফিসার ইনচার্জ, ভাঙ্গুড়া থানা, ভাঙ্গুড়া, পাবনা। তাকে দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
১১। উপজেলা সমবায় কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গুড়া, পাবনা।
১৪। চেয়ারম্যান................................................... (সকল), ভাঙ্গুড়া, পাবনা।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পৌর (ভাঙ্গুড়া)/পার-ভাঙ্গুড়া/খানমরিচ/দিলপাশার/অষ্টমনিষা ইউনিয়ন ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনা। বিজ্ঞপ্তিটি তাকে ব্যাপক প্রচারের জন্য সকল হাট/বাজার সহ গুরুত্বপূর্ণ সকল স্থানে ব্যাপক প্রচার/ঢোল শহরত পূর্বক জারী করতঃ জারীর প্রতিবেদন আবেদনপত্র/ফরম জমাদানের তারিখের ০৩ দিন পূর্বে অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো।
১৬। সম্পাদক/রিপোর্টার দৈনিক ............................... ইজারা বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৭। জনাব ...................................................................................................... ভাঙ্গুড়া, পাবনা।
১৮। অফিস কপি।

০২/০১/২৫

(তাসমীয়া আক্তার রোজী)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভাঙ্গুড়া, পাবনা

Scanned with CamScanner